দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JAN 1990
পৃঃ ১ কলাম ৬

02

# সমাজের চাহিদা অনুযায়ী শিক্ষা পদ্ধতি পুনর্বিন্যাস করিতে হইবে — এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ সমাজের চাহিদার সহিত সঙ্গতি রাখিয়া শিক্ষা পদ্ধতি পুনর্বিন্যাসের উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। গতকাল (শনিবার) ঢাকায় ভাইস-চ্যান্সেলরদের সহিত মাসিক নিয়মিত বৈঠকে প্রেসিডেন্ট বলেন, এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে সরকার দৃঢ়-প্রতিজ্ঞ। তিনি দেশে কিণ্ডারগার্টেন পদ্ধতির শিক্ষা সম্পর্কে যথাযথ নীতিগত সিদ্ধান্ত গ্রহণের নির্দেশ দেন। তিনি দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজী পড়ানো এবং ধর্মীয় শিক্ষা সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের আহ্বান জানান। প্রেসিডেন্ট শিক্ষার বিভিন্ন স্তরে মাতৃভাষা ছাড়া অন্যান্য ভাষা শিক্ষা দেওয়ার বিষয় পরীক্ষা করিয়া দেশের ঐতিহ্য ও সংস্কৃতির সহিত সামঞ্জস্যপূর্ণ নীতিমালা প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি নির্দেশ দেন।

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ সকল বিশ্ববিদ্যালয়ে ছুটির অভিন্ন নীতি চালু করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি বিশ্ববিদ্যালয়গুলির রেকর্ড ও ফাইল রাখার পদ্ধতি আধুনিকীকরণের নির্দেশ দেন। শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ

## এরশাদ

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সময়োপযোগী করার কাজের অগ্রগতি সম্পর্কে বৈঠককে অবহিত করেন।

আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত এই বৈঠকে শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক, শিক্ষা সচিব হেদায়েত আহমদ এবং সিনিয়র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ এবং শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিদায়ী শিক্ষা সচিব হেদায়েত আহমদের মন্ত্রণালয়ের দায়িত্ব পালনের ক্ষেত্রে নিষ্ঠা এবং আন্তরিকতার প্রশংসা করেন।

### এরশাদ সকাশে

আন্তর্জাতিক পাট সংস্থার নির্বাহী পরিচালক হারবান সিং গতকাল (শনিবার) প্রেসিডেন্ট এরশাদের সহিত বিদায়ী সাক্ষাৎ করেন। তিনি প্রেসিডেন্টের সহিত কিছু সময় অতিবাহিত করেন।